# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃdgmsme@krishibank.org.bd


প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৬(২)/২০২৩-২০২৪/ ৪৭৭ (২২৫০) তারিখঃ ২৭/০৮/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ জাতীয় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা (এসএমই) উদ্যোক্তা পুরস্কার-২০২৩ এর জন্য আবেদন /দরখাস্ত বিতরনে সহযোগিতা প্রদান প্রসংগে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ক্ষুদ্র ও মাঝারী শিল্প এসএমই ফাউন্ডেশন হতে প্রাপ্ত ১৪ আগস্ট, ২০২৩ তারিখের পত্র সূত্র নং-৩৬.১২.০০০০.০০৮.২৩.০০১/১৫৯০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমই ফাউন্ডেশন 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০২৩' প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। আগামী নভেম্বর-২০২৩ অনুষ্ঠেয় জাতীয় এসএমই পন্যমেলার উদ্বোধনী অনুষ্ঠানে এ পুরস্কার বিতরণ করা হবে। পুরস্কারের জন্য 'উৎপাদনমুখী অথবা সেবামূলক' ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদেরকে বিবেচনা করা হবে, ট্রেডিং ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের বিবেচনা করা হবেনা। পুরুষ ও নারী উদ্যোক্তাদের পৃথকভাবে পুরস্কার প্রদান করা হবে। এছাড়াও স্থানীয় একটি স্টার্টআপ এবং একজন সফল উদ্যোক্তাকে বিশেষ পুরস্কার প্রদান করা হবে। নিম্নে পুরস্কারের ক্যাটাগরি উল্লেখ করা হলো ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (পুরুষ) | ২ | বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (নারী) |
| ৩ | বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (পুরুষ) | ৪ | বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (নারী) |
| ৫ | বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (পুরুষ) | ৬ | বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (নারী) |
| ৭ | বর্ষসেরা স্টার্টআপ প্রতিষ্ঠান | ৮ | বিশেষ উদ্যোক্তা পুরস্কার |

০৩। আগ্রহী উদ্যোক্তারা বর্ণিত ক্যাটাগরির যেকোন একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন। আবেদনপত্রসহ এ বিষয়ে বিস্তারিত তথ্য এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট www.smef.gov.bd ও ভেরিফাইড ফেসবুক পেজ (SME Foundation) সহ আগারগাঁস্থ এসএমই ফাউন্ডেশনের কার্যালয় এবং বেগম রোকেয়া সরণী, শেওরাপাড়াস্থ এসএমই ফাউন্ডেশন ট্রেনিং ইনস্টিটিউট এ পাওয়া যাবে। আবেদনপত্র নির্ধারিত ফর্মে যথাযথভাবে পুরণ করে প্রয়োজনীয় ডক্যুমেন্টসহ ইমেইলে info@smef.gov.bd কিংবা সরাসরি ফাউন্ডেশন কার্যালয়ে জমা করা যাবে। আবেদন যথাসময়ে এবং যথাযথভাবে পুরণকৃত না হলে কিংবা আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় তথ্য ও ডকুমেন্ট সংযুক্ত না থাকলে আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংকের এসএমই উদ্যোক্তাদেরকে *'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০২৩'*-তে অংশগ্রহন করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের বর্ণিত পত্রের মর্মানুযায়ী পুরস্কারের জন্য বিবেচনা করার জন্য বিভাগীয় কার্যালয়সমূহকে নিয়ন্ত্রনাধীন মাঠকার্যালয়সমূহ এর মাধ্যমে এসএমই উদ্যোক্তাদেরকে (পুরুষ ও নারী) নির্ধারিত ফরমে আবেদন পাঠাতে উৎসাহিত করা, আবেদন ফরমের কপি সরবরাহ ও আবেদন ফরমের কপি পুরণের ক্ষেত্রে সর্বাত্মক সহযোগিতা প্রদান করতঃ আগামী ৩০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে এসএমই ফাউন্ডেশনে প্রেরনের নিমিত্তে উদ্যোক্তাদের দিক নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

চলমান পাতা-০২

বিষয় ঃ জাতীয় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা (এসএমই) উদ্যোক্তা পুরস্কার-২০২৩ এর জন্য আবেদন /দরখাস্ত বিতরনে সহযোগিতা প্রদান প্রসংগে।

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৬(২)/২০২৩-২৪/ ৪৭৭(১২৫০) তারিখঃ ২৭/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

27/08/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
**ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন**
পর্যটন ভবন (৭ম-৮ম তলা), প্লট: ই-৫ সি/১
আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.smef.gov.bd

স্মারক: ৩৬.১২.০০০০.০০৮.২৩.০০১.২৩/১৫৯০ তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৯ / ১৪ আগস্ট, ২০২৩

**বিষয়: জাতীয় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা (এসএমই) উদ্যোক্তা পুরস্কার-২০২৩ এর জন্য আবেদন/দরখাস্ত আহবান।**

কর্মসংস্থান সৃষ্টিসহ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখছেন কিংবা সৃজনশীল উদ্যোগ সৃষ্টির মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন কিংবা নিজের সফলতার পাশাপাশি অন্য উদ্যোক্তাদের সফলতা এবং স্থানীয়ভাবে উদ্যোক্তা উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করেছেন- দেশের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে থাকা এ ধরণের অতিক্ষুদ্র (মাইক্রো), ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন প্রতিবছর 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার' প্রদান করে। স্বচ্ছ প্রক্রিয়া ও সুনির্দিষ্ট ক্রাইটেরিয়া অনুসরণ করে স্বাধীন জুরি বোর্ডের মাধ্যমে উদ্যোক্তা নির্বাচন করা হয়। পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তাদের অনুকূলে নগদ অর্থসহ ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হয়। বিগত সময়ে মাননীয় প্রধানমন্ত্রী পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তাদের হাতে পুরস্কার বিতরণ করেন।

০২। এ ধারাবাহিকতায় এসএমই ফাউন্ডেশন 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০২৩' প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। আগামী নভেম্বর-২০২২ অনুষ্ঠেয় জাতীয় এসএমই পণ্যমেলার উদ্বোধনী অনুষ্ঠানে এ পুরস্কার বিতরণ করা হবে। পুরস্কারের জন্য 'উৎপাদনমুখী অথবা সেবামূলক' ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদেরকে বিবেচনা করা হবে, ট্রেডিং ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের বিবেচনা করা হবেনা। পুরুষ ও নারী উদ্যোক্তাদের পৃথকভাবে পুরস্কার প্রদান করা হবে। এছাড়া স্থানীয় একটি স্টার্টআপ এবং একজন সফল উদ্যোক্তাকে বিশেষ পুরস্কার প্রদান করা হবে। নিম্নে পুরস্কারের ক্যাটাগরি উল্লেখ করা হল:

| | | | |
|---|---|---|---|
| ১ | বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (পুরুষ) | ২ | বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (নারী) |
| ৩ | বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (পুরুষ) | ৪ | বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (নারী) |
| ৫ | বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (পুরুষ) | ৬ | বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (নারী) |
| ৭ | বর্ষসেরা স্টার্টআপ প্রতিষ্ঠান | ৮ | বিশেষ উদ্যোক্তা পুরস্কার |

০৩। আগ্রহী উদ্যোক্তারা বর্ণিত ক্যাটাগরির যেকোন একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন। আবেদনপত্রসহ এবিষয়ে বিস্তারিত তথ্য এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট (www.smef.gov.bd) ও ভেরিফাইড ফেসবুক পেজ (SME Foundation)সহ আগারগাঁস্থ এসএমই ফাউন্ডেশন কার্যালয় এবং বেগম রোকেয়া সরণী, শেওরাপাড়াস্থ এসএমই ফাউন্ডেশন ট্রেনিং ইনস্টিটিউট এ পাওয়া যাবে। আবেদনপত্র নির্ধারিত ফর্মে যথাযথভাবে পুরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টসহ ইমেইলে (info@smef.gov.bd) কিংবা সরাসরি ফাউন্ডেশন কার্যালয়ে জমা করা যাবে। আবেদনপত্র যথাসময়ে এবং যথাযথভাবে পুরণকৃত না হলে কিংবা আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় তথ্য ও ডকুমেন্ট সংযুক্ত না থাকলে আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

০৪। এমতাবস্থায়, আপনার স্বনামধন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকদের মধ্যে এক বা একাধিক গ্রাহক যদি আপনার/ আপনাদের বিবেচনায় বর্ণিত পুরস্কারের জন্য যোগ্য মর্মে প্রতীয়মান হয়, উক্ত উদ্যোক্তা/উদ্যোক্তাদের আবেদন যথাযথভাবে পুরণ করে আগামী ৩০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে প্রেরণের জন্য সবিশেষ অনুরোধ করা হল। এছাড়া আপনার কার্যালয় হতে একটি বিশেষ প্রজ্ঞাপন জারী করে সকল শাখা, উপশাখা ও এজেন্টদেরকে বিষয়টি অবহিত করে তাদেরকেও যোগ্য উদ্যোক্তাদের বিষয়ে সুপারিশ প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ করা হল। এবিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ ও সহযোগিতা দেশে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা এবং এখাতের সার্বিক উন্নয়ন ও বিকাশে অনুকূল ভূমিকা রাখবে মর্মে আমরা আন্তরিকভাবে বিশ্বাস করি।

সংলাগ: আবেদনপত্রের কপিসহ সংশ্লিষ্ট ডকুমেন্টস।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৭৭৭ তারিখ ২০.০৮.২৩
ডিএমডি/ ২
ব্যবস্থাপনা পরিচালক

(ড. মোঃ মফিজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

প্রাপক:
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন, ৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণ: এসএমই প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৩৬৯ তারিখ ২২/০৮/২৩
GM (OP)

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং ৭২৫ তারিখ ২৩/৮/২৩